

জিবিপি হাসপাতালের চিকিৎসায় দীর্ঘ দিনের মাইগ্রেনের যন্ত্রণা থেকে মুক্তি



মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার আন্তরিক প্রচেষ্টায় ও স্বাস্থ্য অধিকারের অধিকর্তা প্রফেসর ডাঃ তপন মজুমদার, আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজের অধ্যক্ষ প্রফেসর (ডাঃ) অনুপ সাহা এবং জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডাঃ শঙ্কর চক্রবর্তী-এর সম্মিলিত সহযোগিতায় রাজ্যে নিউরোলজি চিকিৎসা পরিষেবায় এক নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে জিবিপি হাসপাতালের নিউরোলজি ডিপার্টমেন্ট। এই নিউরোলজি ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ চিকিৎসকদের চিকিৎসা পরিষেবা লাভে স্নায়বিক রোগে আক্রান্ত রোগীরা রোগ যন্ত্রণা থেকে মুক্তি পেয়ে সুস্থ হয়ে হাসি মুখে বাড়ি ফিরছেন।

আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের নিউরোলজি ডিপার্টমেন্টের অ্যাসিস্টেন্ট প্রফেসর ডাঃ আবির লাল নাথ ও নিউরোলজিস্ট ডাঃ অর্পণ মিত্র সহ অন্যান্য স্বাস্থ্যকর্মী এবং ফিজিওথেরাপিস্টদের চিকিৎসা গ্রহণে করে দীর্ঘ দিনের মাইগ্রেনের যন্ত্রণায় ভুগতে থাকা জনৈক রোগী সুস্থ হয়ে হাসি মুখে হাসপাতাল থেকে বাড়ি ফিরে গেছেন। তিনি মাইগ্রেনের যন্ত্রণাথেকে মুক্তি পেতে নানা ধরনের ওষুধ গ্রহণ করেন এবং বহু চেষ্টা করেও যখন কোনও কিছুতেই স্বস্তি আসছিল না, তখন জিবিপি হাসপাতালের নিউরোলজি ডিপার্টমেন্টের বহির্বিভাগে আসেন। তখন রোগীকে উক্ত মাইগ্রেনের যন্ত্রণা লাঘবে জিবিপি হাসপাতালের নিউরোলজি ডিপার্টমেন্টের অ্যাসিস্টেন্ট প্রফেসর ডাঃ আবির লাল নাথ ও নিউরোলজিস্ট ডাঃ অর্পণ মিত্র “ওনাবোটুলিনামটক্সিনএ” থেরাপি সম্পর্কে অবহিত করেন।

তারপর গত ১৫ সেপ্টেম্বর রোগী জিবিপি হাসপাতালে নিউরোলজি ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ চিকিৎসকদের নেতৃত্বে ভর্তি হন। কিন্তু আর্থিক দিক দিয়ে দুর্বলতার জন্য এই ব্যয় বহুল ইনজেকসান ক্রয় করার ক্ষমতা তার ছিল না। তখন আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের নিউরোলজি বিভাগের উদ্যোগেই সম্পূর্ণ বিনামূল্যে এই ইনজেকসানের ব্যবস্থা করা হয়। যার মূল্য প্রায় এক লক্ষ টাকার মতো। এরপর জিবিপি হাসপাতালের নিউরোলজিস্টগণ সম্মূলের ১৫০ ইউনিট ওনাবোটুলিনামটক্সিনএ ইনজেকশনটি রোগীকে প্রদান করেন। আর উক্ত সাফল্যের পেছনে জিবিপি হাসপাতালের নিউরোলজি ডিপার্টমেন্টের অন্যান্য চিকিৎসকদের মধ্য ছিলেন ডাঃ অভিজিৎ আচার্য, ডাঃ অর্ক প্রভা রায় চৌধুরী, ডাঃ পৌলমী নাগ, ডাঃ শুভ্রজিৎ দাশ ও ডাঃ সুপ্রতিম সাহা। এছাড়াও নার্সিং অফিসার ছিলেন সেবিকা দত্ত, রোজী চক্রবর্তী, আবুল হোসেন, সুরজিৎ সূত্রধর ও আরনিকা সিনহা। এই “ওনাবোটুলিনামটক্সিনএ থেরাপি”এর মাধ্যমেই রোগী মাইগ্রেনের যন্ত্রণা থেকে মুক্তি পান।

এই প্রসঙ্গে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের নিউরোলজি ডিপার্টমেন্টের অ্যাসিস্টেন্ট প্রফেসর ডাঃ আবির লাল নাথ জানান, এই রোগী ছিল রাজ্যের প্রথম ওনাবোটুলিনামটক্সিনএ থেরাপি প্রাপ্ত রোগী। এর মধ্যে রোগী সুস্থ হয়ে উঠায় আজ (১৮ সেপ্টেম্বর ২০২৫) তাকে হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেওয়া হয়। এই ধরনের চিকিৎসা পরিষেবা এখন সম্পূর্ণ বিনামূল্যেই আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের নিউরোলজি বিভাগের উপলব্ধ। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।